

আল কুরআন
অনন্ত করুণাময় পরম দয়ালু
আল্লাহর নামে আরম্ভ করছি
.....
নিঃসন্দেহে এটিই হলো সত্য ভাষণ।
আর এক আল্লাহ ছাড়া অন্য কোন
ইলাহ নেই। আর আল্লাহ; তিনিই
হলেন পরাক্রমশালী মহাশক্তি।

সূরা আল ইমরান ৬২

দৈনিক কীর্তনখোলা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

নতুন আঙ্গিকে, অত্যাধুনিক প্রযুক্তিতে
বিশ্বমানবের সিনেট

গ্যাম্বলিং সিনেট

ইস্টার্ন মিলিটারি

সেবা : ০২৯৯০০৬৬৬৬৬, ০২৯৯০২৭৭০৪

বরিশাল ৷ শুক্রবার ৷ ০৭ আগস্ট ২০২৬ ৷ ২৩ সফর ১৪৪৮ ৷ ২৩ শ্রাবণ ১৪৩৩ ৷ ৯ম বর্ষ ৷ ৬৪ সংখ্যা ৷ ৪ পৃষ্ঠা ৷ ৫ টাকা

জুলাই শহীদদের অপমানের জন্য হাসিনাকে কথা বলার সুযোগ দেয় ভারত: রিজভী
কীর্তনখোলা ডেস্ক
শেখ হাসিনাকে বক্তব্য দেওয়ার বিষয়টি ভারতের নীতি-নির্ধারণকদের পরিকল্পিত আয়োজন বলে মন্তব্য করেছেন প্রধানমন্ত্রীর ২ এর পাতায় দেখুন

ভারত কেন শেখ হাসিনাকে কথা বলার সুযোগ দিল প্রশ্ন স্বরাষ্ট্রমন্ত্রীর
কীর্তনখোলা ডেস্ক
ভারতের নয়াদিল্লিতে এক প্রেস মিটে দেশটিতে আশ্রিত মানবতাবিরোধী অপরাধে দণ্ডিত বাংলাদেশের সাবেক প্রধানমন্ত্রী ২ এর পাতায় দেখুন

‘আমরা কাউকে অসম্মান করতে আসিনি, জনগণের দাবি নিয়ে এসেছি’
কীর্তনখোলা ডেস্ক
জালালি তেল ও গ্যাস সংকট, বিদ্যুতের ‘ভুতড়ে বিল’, আইনশৃঙ্খলা পরিস্থিতির অবনতি এবং নিত্যপ্রয়োজনীয় পণ্যের লাগামহীন ২ এর পাতায় দেখুন

রাষ্ট্রপতি নির্বাচন ২০ আগস্ট, তফসিল ঘোষণা
কীর্তনখোলা ডেস্ক
আগামী ২০ আগস্ট অনুষ্ঠিত হবে রাষ্ট্রপতি নির্বাচন। বৃহস্পতিবার (৬ আগস্ট) নির্বাচনের তফসিল ঘোষণা করেছে ২ এর পাতায় দেখুন



বরিশালে জুলাই গণঅভ্যুত্থান দিবস পালিত

জুলাই অভ্যুত্থান ছিলো অন্যায়-নিপীড়নের বিরুদ্ধে ক্ষোভের বহিঃপ্রকাশ: তথ্যমন্ত্রী

কীর্তনখোলা রিপোর্ট
জুলাই গণঅভ্যুত্থান দিবস উপলক্ষে বরিশালে নানা কর্মসূচির মধ্য দিয়ে শহীদদের প্রতি শ্রদ্ধা জানানো হয়েছে। জেলা প্রশাসনের আয়োজনে বুধবার সকালে নগরীর

আমতলায় জুলাই শহীদ স্মৃতিস্তম্ভে পুষ্পস্তবক অর্পণ করেন তথ্য ও সম্প্রচার মন্ত্রী জহির উদ্দিন স্বপন, এমপি। পরে বরিশাল শিল্পকলা একাডেমিতে জুলাই গণ-অভ্যুত্থান দিবস উপলক্ষে সভা ও সংবর্ধনা

অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে মন্ত্রী বলেন আমাদের গভীরভাবে উপলব্ধি করতে হবে, গণ-অভ্যুত্থান কেবল কয়েকজন সাহসী তরুণের আন্দোলন ছিল না। এটি ছিল সমগ্র বাংলাদেশের মানুষের সম্মিলিত প্রতিরোধ।

তথ্য ও সম্প্রচারমন্ত্রী বলেন, গণ-অভ্যুত্থান ছিল দীর্ঘদিনের বঞ্চনা, অন্যায় ও নিপীড়নের বিরুদ্ধে জনগণের একাবদ্ধ ক্ষোভের বহিঃপ্রকাশ। এই আন্দোলনের শক্তি ছিল জনগণের একা ২ এর পাতায় দেখুন

হামের উপসর্গে মৃত্যু আরও ৬, মোট ৮৬০

কীর্তনখোলা ডেস্ক
দেশে গত এক দিনে হামের উপসর্গ নিয়ে আরও ছয়জনের মৃত্যু হয়েছে। তাদের মধ্যে চারজন ঢাকা বিভাগে এবং দুজন সিলেট বিভাগে মারা গেছে। বৃহস্পতিবার স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য অনুযায়ী, গত ১৫ মার্চ থেকে এ পর্যন্ত দেশে হামে আক্রান্ত হয়ে ৯৬ জনের মৃত্যু হয়েছে। একই সময়ে হামের উপসর্গ নিয়ে মারা গেছে আরও ৭৬৪ জন। সব মিলিয়ে এ পর্যন্ত মৃত্যুর সংখ্যা দাঁড়িয়েছে ৮৬০ জনে। হামের উপসর্গ নিয়ে সবচেয়ে বেশি ৩৩৪ জনের মৃত্যু হয়েছে ঢাকা বিভাগে। এরপর রয়েছে সিলেট বিভাগ, যেখানে মারা গেছে ১১৭ জন। এ ছাড়া রাজশাহী বিভাগে ৯১, ময়মনসিংহে ৭১, চট্টগ্রামে ৬১, বরিশালে ২ এর পাতায় দেখুন



বরিশালে ২২তম পুলিশ কমিশনার আবু রায়হান মুহম্মদ সালেহর যোগদান

কীর্তনখোলা রিপোর্ট
বরিশাল মহানগর পুলিশের ২২তম কমিশনার হিসেবে যোগ দিলেন ডিআইজি আবু রায়হান মুহম্মদ সালেহ। এর আগে তিনি পুলিশ সদর দপ্তরে ডিআইজি-প্রশাসন হিসেবে দায়িত্ব পালন করেছেন। তিনি বরিশাল মহানগর পুলিশে দুবার উপ-কমিশনার হিসেবে এবং খুলনা মহানগর পুলিশের অতিরিক্ত কমিশনার হিসেবে সুনামের সাথে দায়িত্ব পালন করেছেন। তবে জনাব আবু রায়হান মুহম্মদ সালেহ বরিশাল মহানগর পুলিশের উপ-কমিশনার হিসেবেও একাধিকবার দায়িত্ব পালন করেছেন। বৃহস্পতিবার (৬ আগস্ট) দায়িত্ব গ্রহণের পর পরে বিএনপির নতুন কমিশনার তার ২ এর পাতায় দেখুন



প্রধানমন্ত্রীর স্বাস্থ্যবিষয়ক বিশেষ সহকারী ড. জিয়াউদ্দিন বরিশাল থেকে যেন কোনো রোগীকে ঢাকায় যেতে না হয়

কীর্তনখোলা রিপোর্ট
প্রধানমন্ত্রীর স্বাস্থ্যবিষয়ক বিশেষ সহকারী ড. জিয়াউদ্দিন হায়দার বলেছেন, উন্নত চিকিৎসার জন্য যেন বরিশালের কোনো রোগীকে আর ঢাকামুখী হতে না হয়, সেই লক্ষ্যেই সরকার কাজ করছে। একই সঙ্গে দেশের প্রতিটি জেলা শহরে পর্যায়ক্রমে বার্ন ইউনিট করার চাবুর উদ্যোগ নেওয়া হচ্ছে, যাতে দক্ষ রোগীরা দ্রুত চিকিৎসাসেবা পান। বৃহস্পতিবার (৬ আগস্ট) বেলা ১১টায় বরিশাল শের-ই-বাংলা মেডিক্যাল কলেজ হাসপাতালের পরিচালনা পর্ষদ ও বিভাগীয় প্রধানদের অংশগ্রহণে অনুষ্ঠিত মতবিনিময় ২ এর পাতায় দেখুন

দেশের ২২টি পাবলিক বিশ্ববিদ্যালয়ের চার শতাধিক শিক্ষক হাসিনার সাথে ‘গোপন যোগাযোগে লিপ্ত’

কীর্তনখোলা ডেস্ক
২০২৪ সালে ছাত্র-জনতার ঐতিহাসিক গণ-অভ্যুত্থানে এবং তাকে দেশে ফেরাতে তৎপরতায় লিপ্ত থাকার শিক্ষকদের অভিযোগে তদন্ত কমিটি গঠন করেছে দেশের চারটি বিশ্ববিদ্যালয়। সম্প্রতি বিভিন্ন সূত্রে ৩ এর পাতায় দেখুন



‘জনগণ রাস্তায় নামলে কোনো স্বেরাচার টিকতে পারে না’

কীর্তনখোলা রিপোর্ট
জনগণ রাস্তায় নামলে কোনো স্বেরাচারই কমতায় টিকে থাকতে পারে না বলে মন্তব্য করেছেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় কর্মপরিদ সমস্যা ও বরিশাল মহানগর আমীর মোল্লানা জহির উদ্দিন মুহাম্মদ বাবর। তিনি বলেন, গণআন্দোলনের মুখে যেমন কোনো ২ এর পাতায় দেখুন

উজিরপুরে যাত্রীবাহী বাস থেকে মাদকসহ আটক ১

উজিরপুর প্রতিনিধি
যাত্রীর ছদ্মবেশে মাদকব্রূণ বহন করাকালে ৫ কেজি গাজা সহ বরিশালের উজিরপুর এলাকা থেকে এক মাদক ব্যবসায়ীকে গ্রেফতার করেছে র‍্যাব-৮। বুধবার (৫ আগস্ট) বিকালে নারায়নগঞ্জ ট্রাভেলস নামক যাত্রীবাহী বাস থেকে তাকে গ্রেফতার ২ এর পাতায় দেখুন

অবৈধ জাল-ট্রলিংয়ে কমছে ইলিশ; দুর্ভোগে জেলেরা

বরগুনা প্রতিনিধি
দীর্ঘ ৫৮ দিনের সরকারি নিষেধাজ্ঞা শেষে সাগরে নেমেও কাঙ্ক্ষিত ইলিশের দেখা পাচ্ছেন না বরগুনার পাথরঘাটার জেলেরা। একদিকে জালালি তেল ও নিত্যপণ্যের আকাশছোঁয়া দাম আর জলদস্যু আতঙ্ক, অন্যদিকে তীব্র লোডশেডিংয়ে বরফ সংকট-সব মিলিয়ে চরম দিশেহারা উপকূলের মৎস্যজীবীরা। জেলদের অভিযোগ, প্রশাসনের তদারকির অভাবে সাগরে অবৈধ জাল ও ট্রলি জাহাজের দাপটেই কমছে রূপালী ইলিশ। দীর্ঘ ৫৮ দিনের সরকারি নিষেধাজ্ঞা শেষে বুকভরা আশা নিয়ে সাগরে নেমেছিলেন পাথরঘাটার জেলেরা। তবে বারবার জাল ফেলেও দেখা মিলছে না কাঙ্ক্ষিত ইলিশের। ইলিশ না পেয়ে উপকূলের হাজারও জেলের ২ এর পাতায় দেখুন

টং দোকানে আড্ডা দিলেন তথ্যমন্ত্রী

গৌরনদী প্রতিনিধি
তথ্য ও সম্প্রচারমন্ত্রী জহির উদ্দিন স্বপন যাত্রাপথে গাড়ি থামিয়ে টং দোকানে চা পান ও স্থানীয় বাসিন্দাদের সঙ্গে কুশলাদি বিনিময় করেছেন। এ ঘটনায় এলাকার সর্বত্র প্রশংসা কুড়াচ্ছেন তিনি। বৃহস্পতিবার (৬ আগস্ট) এমন একটি ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়ে। জানা গেছে, ৫ আগস্টে বরিশাল বিভাগীয় শহরে জুলাই গণঅভ্যুত্থানের অনুষ্ঠান শেষে ঢাকার উদ্দেশে যাচ্ছিলেন তথ্যমন্ত্রী। পথিমধ্যে গৌরনদী উপজেলার ভুরঘাটা বাসস্ট্যান্ড গাড়ি থামিয়ে রাস্তার পাশে একটি টং দোকানে ঢুকে চা পান করেন তিনি। এসময় দোকানে আসে থেকেই অবস্থানরত স্থানীয় বাসিন্দা ও দলীয় নেতাকর্মীদের সঙ্গে ২ এর পাতায় দেখুন



জুলাই সনদ নিয়ে চক্রান্তের পরিণতি ভালো হবে না: মুফতি ফয়জুল

কীর্তনখোলা রিপোর্ট
ইসলামী আন্দোলন বাংলাদেশের সিনিয়র নায়েবে আমীর মুফতি সৈয়দ মুহাম্মাদ ফয়জুল করীম বলেছেন, “জুলাই সনদ নিয়ে

কোনো ধরনের প্রতারণা, চক্রান্ত বা আগসের রাজনীতি জনগণ মেনে নেবে না। ছাত্র-জনতার রাজ ও আত্মত্যাগের বিনিময়ে অর্জিত এই ঐতিহাসিক অর্জনকে

বিতর্কিত বা ক্ষুণ্ণ করার যেকোনো প্রচেষ্টার পরিণতি শুভ হবে না।” বুধবার (৫ আগস্ট) বিকেলে গণ-অভ্যুত্থান দিবস উপলক্ষে ২ এর পাতায় দেখুন



বিএনপির সভায় আওয়ামী লীগ নেতার ফুলেল শুভেচ্ছা

বালকাঠি প্রতিনিধি
বালকাঠির সদর উপজেলার কীর্তিপাশা ইউনিয়ন বিএনপির সাংগঠনিক সভায় ইউনিয়ন আওয়ামী লীগের এক নেতার ফুলেল শুভেচ্ছা মিরে বিতর্কের জেরে ইউনিয়ন পরিষদ কার্যালয়ে তালা খুলিয়ে বিক্ষোভ করেছেন স্থানীয় বিএনপি ২ এর পাতায় দেখুন

জুলাইয়ে বরিশালে ২৮টি দুর্ঘটনায় ২৪ জন নিহত

কীর্তনখোলা ডেস্ক
গত জুলাই মাসে দেশে সড়ক দুর্ঘটনা ঘটেছে ৪৫৮টি। এসব দুর্ঘটনায় ৪১৬ জন নিহত এবং ৬২৯ জন আহত হয়েছেন। নিহতের মধ্যে নারী ৫৭ জন, শিশু ৪৮ জন। এছাড়া ১৫৯টি মোটরসাইকেল দুর্ঘটনায় নিহত হয়েছেন ১৩৮ জন, যা মোট নিহতের ৩৩.১৭ শতাংশ। মোটরসাইকেল দুর্ঘটনার হার ৩৪.৭১ শতাংশ। দুর্ঘটনায় ১০৬ জন পথচারী নিহত হয়েছেন, যা মোট নিহতের ২৫.৪৮ শতাংশ। যানবাহনের চালক ও সহকারী নিহত হয়েছেন ৫১ জন, অর্থাৎ ১২.২৫ শতাংশ। বৃহস্পতিবার (৬ আগস্ট) ২ এর পাতায় দেখুন

শত শত শিক্ষকের শিক্ষক, মল্লিক বাসার প্রয়াত বালা আশরাফিক ও ব্যাকরণবিদ বরিশাল সরকারি ব্রহ্মসেবক কলেজ, বালা বিহাঙ্গের সাবেক বিভাগীয় প্রধান এবং বাংলাদেশ মন্ত্রণালয় শিক্ষাবোর্ডের সাবেক পরীক্ষা নিয়ন্ত্রক

অধ্যক্ষ আ. খা. মো. আবদুর রব স্যারের লেখা

উচ্চ মাধ্যমিক ও সমমান শ্রেণির

বাংলা ব্যাকরণ ও নির্মিতি

বইটি অনন্য

বইটি প্রণয়নকারে ভিত্তিতে রচিত, তাই উচ্চ মাধ্যমিক শ্রেণির শিক্ষার্থীদের অধিক নথর প্রাপ্তিতে সহায়ক। সম্পাদনা করেছেন: বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডের বাংলা ২য়পত্র বিহাঙ্গের প্রধান পরীক্ষক, সরকারি আশুপদবাড়া কলেজের বাংলা প্রভাষক কবি, গবেষক ও সুজনশীল গ্রন্থ প্রণেতা

পৃথিক মোস্তফা (এমফিল, ইবি)

বই পাণ্ডুর জন্য যোগাযোগ করুন:

01718246162, 01712189338, 01712926836

গদ্য প্রকাশন, বরিশাল

বরিশাল নগরীর যেসব স্থানে বইটি পাওয়া যাচ্ছে

বুক ভিন্ডা	ইসলামিয়া লাইব্রেরি	অব্দের লাইব্রেরি	অব্দের লাইব্রেরি
সদর রোড, বরিশাল	সদর রোড, বরিশাল	সদর রোড, বরিশাল	সদর রোড, বরিশাল
01932-314219	01711-264963	01708-868515	01708-868514
খন্দকার লাইব্রেরি	নিউ মাহবুব লাইব্রেরি	রহমান বুক হাউজ	মজুমদার লাইব্রেরি
সদর রোড, বরিশাল	সদর রোড, বরিশাল	সদর রোড, বরিশাল	সদর রোড, বরিশাল
01711-047767	01763-107720	01718-670945	01718-139268
অমৃত লাইব্রেরি	নিউ কলেজ লাইব্রেরি	হক লাইব্রেরি	আশরাফিয়া লাইব্রেরি
সদর রোড, বরিশাল	সদর রোড, বরিশাল	সদর রোড, বরিশাল	সদর রোড, বরিশাল
01719-408049	01726-074663	01724-851658	01717-488083

দৈনিক কীর্তনখোলা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

প্রতিনিধি আবশ্যিক

দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য বালকাঠি জেলা: নলছিটি, রাজাপুর, পটুয়াখালী জেলা: পটুয়াখালী, জোলা জেলা: তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, পিরোজপুর জেলা: নাজিরপুর, নেহারাবাদ ও বরিশাল জেলা: উজিরপুর ও বাবুগঞ্জ প্রতিনিধি আবশ্যিক। প্রার্থীকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। আশ্রয়ী পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।

-মফসল সম্পাদক
০১৩০৪১৬৮৪১৯

কবীর্ভনাখাণা ২

আন্তর্জাতিক প্রতিদ্বন্দ

মম্বাদকীয় কৃষকবান্ধব পদক্ষেপ নিন

কৃষিমিত্তর বাংলাদেশে কৃষকের সমস্যা-সংকটের যেন অন্ত নেই। দিনে দিনে কৃষি খাতে নানা সফল এলোও কৃষকের ভাগ্যের তেমন পরিবর্তন হয়নি। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর (বিবিএস) সর্বশেষ জরিপেও এমন হতাশাজনক চিত্র উঠে এসেছে। দেখা গেছে, উপদানন যে হারে বেড়েছে, সেই অনুযায়ী কৃষকের আয় বাড়েনি। এতে কৃষকসমাজ যে দুর্বিপাকে ছিল, সেখানেই রয়ে গেছে। জরিপের বরাতে দিনে জানিয়েছে, দেশের খাদ্য নিরাপত্তার দিক থেকে সবচেয়ে ভরসার জায়গা হলেন ক্ষুদ্র কৃষক। দেশের মোট খাদ্য উৎপাদনের অর্ধেকের বেশি তাঁদের হাতে, অথচ আয়, জমির মালিকানা, জীবনমানসহ প্রায় সব সূচকেই তারা বড় কৃষকদের তুলনায় অনেক পিছিয়ে। বিশেষজ্ঞরা বলছেন, এই ব্যবধান ২০৩০ সালের টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) অর্জনের পক্ষে বড় চ্যালেঞ্জ হয়ে দাঁড়াতে পারে। গত মঙ্গলবার প্রকাশিত বিবিএসের ‘সার্বভূ অন ইনকাম অ্যান্ড প্রোডাক্টিভিটি অব ফল-ফ্রুড ফুড প্রডিউসার্স ২০২৫’ জরিপের উদ্দেশ্য ছিল ‘ক্ষুদ্র খাদ্য উৎপাদনকদের শ্রম উৎপাদনশীলতা’ এবং ‘ক্ষুদ্র খাদ্য উৎপাদকদের গড় আয়ের’ পরিমাপ যাচাই করা। এই জরিপে দেশের আট বিভাগের ফসল, বনায়ন, গ্রামিণসম্পদ, মৎস্যসহ পাঁচটি কৃষি খাতের ১২ হাজার ৮৭৯টি আ্মার পরিবারের তথ্য বিশ্লেষণ করা হয়েছে। জরিপের ফল বলছে, দেশের মোট খাদ্য উৎপাদকদের ৫৩.৬৫ শতাংশই ক্ষুদ্র কৃষক। জাতীয় পর্যায়ে শ্রম দিবসপ্রতি গড় উৎপাদনশীলতা এক হাজার ৮৬৮ টাকা। কিন্তু ক্ষুদ্র কৃষকদের ক্ষেত্রে এই অঙ্ক মাত্র এক হাজার ৪৯৪ টাকা, অন্যদিকে বড় কৃষকদের ক্ষেত্রে সেটি দুই হাজার ৩০১ টাকা। জমির মালিকানার ক্ষেত্রেও একই রকম দ্বিধামান। তবে বহুবর্জীবাী ফসল, বনায়নের মতো কিছু ক্ষেত্রে ক্ষুদ্র কৃষকরা বড় কৃষকদের থেকে এগিয়ে রয়েছেন। জীবনমানের দিকে লক্ষ করলেও দেখা যায়, প্রায় ৫০ শতাংশ কৃষক পরিবারের ঘরের মেঝে এখনো মাটির। এলাপিজ ব্যবহারকারী পরিবারের হার মাত্র ৫.৭ শতাংশ। এ ছাড়া কৃষক পরিবারের সদস্যদের মধ্যে ১৭ শতাংশের কোনো প্রাতিষ্ঠানিক শিক্ষা নেই। আমাদের কৃষি খাতে নির্মম বাস্তবতা হলো, দেশের কৃষক মাথাব ঘাম পায়ে ফেলে উৎপাদন করেন রিকই, কিন্তু নিজের উৎপাদিত পণ্যের মূল্য নির্ধারণের ক্ষমতা তাঁর হাতে থাকে না। বিশেষ করে ক্ষুদ্র কৃষকরা ঋণ করে অন্যের উৎপাদিত চাষ করে ফসল ফলান, শেষ পর্যন্ত বাজারে গিয়ে দেনমোড় উৎপাদন করতেও উঠেন না। কম দামে ফসল বেতে বাধ্য হন। তাই ভাগ্যের ঢাকাও আর ঘোরে না। আমরা মনে করি, দেশের খাদ্য উৎপাদনের মূল চালিকাশক্তি ক্ষুদ্র কৃষকের আয় বাড়াতে সরকারকে সমর্থিত পদক্ষেপ নিতে হবে। দেশের প্রচলিত বাজারকাঠামোর সঙ্গতি সক্ষার করতে হবে। সর্বোপরি ২০৩০ সালের টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) অর্জনে কার্যকর ও লক্ষ্যভিত্তিক নীতি সহায়তার প্রয়োজন।

রাষ্ট্রপতি নির্বাচন ২০ আগস্ট

নির্বাকন কমিশন (ইসি)। তফসিল ঘোষণার আগে প্রধান নির্বাচন কমিশনার এ এম এ নাসির উদ্দিনের সভাপতিত্বে ইসিতে একটি অননুষ্ঠানিক বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে নির্বাচন কমিশনার আব্দুর রহমানেন মাহউদ ও তাহমিনা আহমদ উপস্থিত ছিলেন। তবে অন্য দুই নির্বাচন কমিশনার আনোয়ারুল ইসলাম সরকার ও আবুল ফজল মো. সান্নাউল্লাহ দেশের বাইরে থাকায় বৈঠকে অংশ নেননি। পরে দুপুর ২টায় নির্বাচন ভবনে আয়োজিত ব্রিফিংয়ে অনুমোদিত রাষ্ট্রপতি নির্বাচনের তফসিল ঘোষণা করেন নির্বাচন কমিশনের সচিব আবখতার আহমেদ মন্সুর। এরপর নির্বাচনের বিস্তারিত সাংবাদিকদের জানান তিনি। ঘোষিত তফসিল অনুযায়ী, রাষ্ট্রপতি নির্বাচনে আগ্রহী প্রার্থীরা ১৩ আগস্ট মনোনয়নপত্র জমা দিতে পারবেন। ১৬ আগস্ট মনোনয়নপত্র যাচাই-বাছাই অনুষ্ঠিত হবে এবং ১৮ আগস্ট মনোনয়নপত্র প্রত্যাহারের শেষদিন। ভোটাভূহল অনুষ্ঠিত হবে ২০ আগস্ট। রাষ্ট্রপতি নির্বাচন আইনানুযায়ী, একজন প্রার্থীর মনোনয়নপত্রে একজন সংসদ সদস্যকে প্রস্তাবক এবং আরেকজনকে সার্থক হতে হবে। পাশাপাশি প্রার্থীর নিজেরও সম্মতিসূচক সইও থাকতে হবে। যদি প্রার্থীর সংখ্যা একজনের বেশি না হয়, তাহলে তারে বিনাপ্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত ঘোষণা করা হবে। তবে একাধিক প্রার্থী থাকলে সংসদের অধিবেশনে কক্ষে বিধিমালা অনুযায়ী ভোট হবে। সংসদীয় গণভল্ল চাদুর পর ১৯৯১ সালে একাধিক প্রার্থী হওয়ায় রাষ্ট্রপতি নির্বাচনে ভোট করতে হয়েছিল। পরে প্রতিবাহীর ক্ষমতাসীন দল মনোনীত প্রার্থী বিনাপ্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হয়ে আসছেন। রাষ্ট্রপতি নির্বাচন আইন, ১৯৯১ অনুযায়ী রাষ্ট্রপতি নির্বাচিত হন সংসদ সদস্যদের ভোটে। আর প্রধান নির্বাচন কমিশনার তাতে ‘নির্বাকিত কাউন্সি’ হিসেবে দায়িত্ব পালন করেন। প্রধান নির্বাচন কমিশনারের কার্যালয় হবে মনোনয়নপত্র জমা, বাছাইয়ের স্থান। ভোটের স্থান হবে সংসদের অধিবেশন কক্ষ। আইনের হস্তম ধারায় বলা হয়েছে-‘নির্বাকিত কর্মকর্তা নির্বাচিত দিন, সময় ও স্থান মনোনয়নপত্র গ্রহীতাকে প্রার্থী। প্রার্থী একজন হলে এবং পরীক্ষায় তার মনোনয়নপত্র বৈধ বিবেচিত হলে একমিলন তাকে নির্বাচিত ঘোষণা করবে। তবে একাধিক প্রার্থীর মনোনয়নপত্র বৈধ হলে নির্বাচনের জন্য তাদের নাম ঘোষণা কর্তৃবে ইসি।

আমরা কাউকে অসম্মান করতে

মূল্যবন্ধির প্রতিবাদে সচিবায়ম অভিযমে পদযাত্রা করতে গিয়ে পুলিশের বাধার মুখে পড়েছেন ১১ দলীয় জোটের নেতাকর্মীরা। এ সময় সচিবালয়ের সামনে বিরোধীদলীয় নেতা ও জামায়াতে ইসলামীর আমির বলেন, “আমরা কাউকে অসম্মান করতে আসিনি, জনগণের দাবি নিয়ে এসেছি।” বৃহস্পতিবার (৬ আগস্ট) দুপুর পৌনে ১টার দিকে সচিবালয়ের সামনে পৌঁছালে পুলিশ তাদের পদযাত্রায় বাধা দেয়। পরে সেখানেই সংক্ষিপ্ত বক্তবা দেন তিনি। তিনি বলেন, “আজ শুধু ঢাকা নয়, সারা বাংলাদেশেই একই কর্মসূচি পালিত হচ্ছে। আমরা শান্তিপূর্ণ আন্দোলনে বিশ্বাসী। জনগণের দাবি জনপ্রতিনিধিদের কাছে পৌঁছে দিতেই সচিবালয়ের সামনে এসেছি।” সরকারের দায়িত্বশীল কোনো প্রতিদ্বিত্ব এসে দাবি গ্রহণের আহ্বান জানিয়ে বিরোধীদলীয় নেতা বলেন, “যদি আমাদের এই মিছিল ধামাতে চান, তাহলে ভেতর থেকে দুর্য্যভ্রান্ত মন্ত্রী কিংবা তার প্রতিনিধিকে এখানে আসতে হবে। আমরা জনগণের পক্ষ থেকে দাবিগুলো তাদের হাতে তুলে দিতে চাই। তারা যদি জনগণের দাবি বাস্তবায়নে সফল হন, আমরা তাদের ধন্যবাদ দেব। কিন্তু বার্থ হলে আমরা বসে থাকব না।” আন্দোলনের পর আন্দোলন, কর্মসূচির পর কর্মসূচি চলতেই থাকবে।” তিনি আরও বলেন, “আমরা কাউকে অসম্মান করতে আসিনি। সম্মানের সঙ্গে সরকারের প্রতিনিধির হাতে আমাদের দাবি তুলে দিতে চাই। এজন্য আমরা এখনো ১০ মিনিট অপেক্ষা করব। এই সময়ের মধ্যে কেউ না এলে আমরা পরবর্তী কর্মসূচি ঘোষণা করব।” পুলিশ কর্মকর্তাদের উদ্দেশে জামায়াতের আমির বলেন, ‘আপনাদের অনুরোধে আমরা আপাতত এখানে থেকেছি। সরকারের যথাযথ কর্তৃপক্ষের কাছে আমাদের বক্তব্য পৌঁছে দেওয়ার জন্য আপনাদের অনুরোধ করছি।’ জ্ঞানানি সংকট, বিদ্রূপের অভিরুক্তি বলেই, আইনশৃঙ্খলা পরিস্থিতির অবনতি এবং দ্রব্যমূল্যের উর্ধ্বগতির প্রতিবাদে ১১ দলীয় জোটের ডাকা এই কর্মসূচিতে জোটভুক্ত বিভিন্ন দলের নেতাকর্মীরা অংশ নেন।

ভারত কেন শেখ হাসিনাকে

শেখ হাসিনা জায়ায়লি অংশ নিয়ে বক্তব্য দিয়েছেন। ২০২৪ সালের আগস্টে গণঅভ্যুত্থানে ভারতে আশ্রয় নেওয়ার পর এটিই ছিল তার প্রথম অননুষ্ঠানিক কোনো বক্তব্য। বালাদেশ সরকারের উদ্দেশে জানানো পরও শেখ হাসিনাকে জুলাই গণঅভ্যুত্থানের বার্ষিকীর দিনে বক্তব্য দেওয়ার সুযোগ করে দেওয়ার ক্ষুদ্র প্রতিক্রিয়া জানিয়েছে পররাষ্ট্র মন্ত্রণালয়। এদিকে শেখ হাসিনার বক্তব্যে ভারত সরকারের ভূমিকা নিয়েও প্রশ্ন তুলেছেন বিএনপির স্থায়ী কর্মিগণ দেওয়া ও বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। গণমাধ্যমকে সেদ্যা এক সাফাকারের তিনি বলেন, ‘শেখ হাসিনাকে ভারত সরকার গণমাধ্যমে কথা বলার সুযোগ কেন দিচ্ছে। আসাদের প্রশ্ন।’ ভারতে শেখ হাসিনার অবস্থান প্রসঙ্গে মন্ত্রী বলেন, ‘ভারত তাকে আশ্রয় দিয়েছে।’ উদ্বেগ প্রকাশ করে তিনি বলেন, ‘কিন্তু সেখানে শেখ হাসিনাকে শেখ হাসিনা বাংলাদেশকে নিয়ে রাজনৈতিক তৎপরতা চালাচ্ছেন; তাকে

সরাসরি গণমাধ্যমে কথা বলার সুযোগ দেওয়া হলো।’ প্রশ্ন রেখে সালাহউদ্দিন আহমদ বলেন, ‘বাংলাদেশে মানবাধিরোধী অপরাধের দায়ে ফাঁসির দণ্ড নিয়ে ভারতে থাকা শেখ হাসিনাকে ভারত সরকার কেন রাজনৈতিক কর্মকাণ্ড চালানোয় এই সুযোগ দিল।’ উদ্বেগে, জুলাই গণঅভ্যুত্থানে আওয়ামী লীগ সরকারের পতনের দ্বিতীয় বার্ষিকী উপলক্ষে মঙ্গলবার (৫ আগস্ট) ন্যায়দিল্লিতে দক্ষিণ এশিয়া ফরেন কেরেসপন্ডেন্টস ক্লাব আয়োজিত সংবাদ সম্মেলনে অতিও কলে মুক্ত হন শেখ হাসিনা। সেখানে সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নেরও উত্তর দেন তিনি। শেখ হাসিনার ওই বক্তব্যের পর বাংলাদেশ সরকারের বিভিন্ন পর্যায় থেকে ক্ষুদ্র প্রতিক্রিয়া জানানো হয়েছে। এর আগে সংবাদ সম্মেলনের খবর প্রকাশ্যে আসার পরই ভারত সরকারের কাছে উদ্বেগ জানিয়েছিল ঢাকা। আওয়ামী লীগ প্রসঙ্গে বরাষ্ট্রমন্ত্রী বলেন, ‘জুলাই আন্দোলনে তারা (আওয়ামী লীগ সরকার) গণহত্যা চালিয়েছে। কিন্তু তারা এখন পর্যন্ত দুঃখ প্রকাশ করেনি বা ক্ষমা চায়নি। এমনকি তাদের কোনো অনুশোচনা নেই।’ ‘বরং তারা ভারতে আশ্রয় নিয়ে থেকে বাংলাদেশের মানুষের বিরুদ্ধে তৎপরতা চালাচ্ছে। জনগণ তাদের প্রতি ক্ষুদ্র’, যোগ করেন সালাহউদ্দিন আহমদ।

জুলাই শহীদদের অপমানের জন্য

রাজনৈতিক উপদেষ্টা ও বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব আ্যভভোকেট কুহুল করির রিজভী। তিনি বলেন, পৃথিবীর বৃহত্তম গণতন্ত্র বলে দাবি করা একটি দেশে তাদের রাজনীতি ও বক্তব্য দেওয়ার সুযোগ দেওয়া হচ্ছে। ওই শহীদদের প্রতি, যাদের রক্ত করিয়েছে শেখ হাসিনা, তাদের অপমান করার জন্যই এই সুযোগটা করে দেওয়া হয়েছে। বৃহস্পতিবার (৬ আগস্ট) রাজধানীর শেরেবাংলা নগরে সাংবাদিকদের সঙ্গে আলাপচার্নে তিনি এমন মন্তব্য করেন। এর আগে আ্যভভোকেট কুহুল করির রিজভী উক্তসম আ্যসোসিয়েশন অব বাংলাদেশের (ভ্যাব) ৩৭তম প্রতিভাবার্ষিকী উপলক্ষে জিয়া উন্মানে শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমনে ও সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়ার সমাধিতে ফাতেহা পাঠ, দোয়া ও পুষ্পস্তবক অর্পণ করেন। এ কর্মসূচিতে ভ্যাবের সভাপতি অধ্যাপক ডা. হাদুন আল রশিদ ও মহাসচিব ডা. মো. জহিরুল ইসলাম শাকিল উপস্থিত ছিলেন। এছাড়া, সংগঠনের বিভিন্ন পর্যায়ের নেতাকারীরা অংশ নেন। রুহুল করির রিজভী বলেন, শেখ হাসিনা পলাতক একজন আসামী। তার মুদ্রাদণ্ড হয়েছে, তার যাবজ্জীবন কারাদণ্ড হয়েছে, নানা দেশের মালা ও দুর্নীতির মামলায় বিচার চলেছে তার। তিনি একটি দেশে পালিয়ে গেছেন। ২০১৩ সালের প্রতাপর্ণ আইনের মাধ্যমে তাকে ফেরত দেওয়া সম্ভব। এজন্য সরকার চিঠি দিয়েছে, কিন্তু সেই চিঠির কোনো জবাব দেওয়া হয়নি। রিজভীর ভাষা, একজন পলাতক আসামিকে প্রত্যাবাসনের জন্য যে আইনে দুই দেশ চুক্তি করেছে, সেই চুক্তি থাকা সত্ত্বেও তাকে ফিরিয়ে না দিয়ে রাজনীতি করার সুযোগ করে দেওয়া হচ্ছে। এটি বাংলাদেশের জাতীয় সার্বভৌমত্বের প্রতি অপমান। তিনি বলেন, পার্শ্ববর্তী দেশ-যাকে আমরা বন্ধুদ্বিষ্ট বলি, আমরা সমর্মযাদার ভিত্তিতে পরস্পর অবস্থান করবো, সেখানে একজন পলাতক আসামিকে তার রাজনৈতিক স্বত্ত্ববা তুলে ধরার জন্য সুযোগ করে দেওয়া হলো তার পুর সজীব ওয়াল্লেজ জয়ের সহযোগিতায়। এটা অতান্ত দুর্ভাগ্যজনক। আমরা মনে করি, আমাদের যে মিউচুয়াল ট্রাস্ট, মিউচুয়াল রেসপেক্টকে সম্পূর্ণরূপে উপেক্ষা করা হয়েছে। আমাদের যে ইন্টারনাল অ্যাক্ফোর্স, সেই ইন্টারনাল অ্যাক্ফোর্সেও এটা এক ধরনের হস্তক্ষেপ বা ইন্টারফেরেন্স। উদ্দেশ্যপ্রসোদিতভাবে ও পরিকল্পিতভাবে সেই হাসিনাকে বক্তব্য রাখার সুযোগ দেওয়া হয়েছে মন্তব্য করে রিজভী বলেন, বিষয়টি জানতে পেরে বাংলাদেশ সরকার এবং পররাষ্ট্র মন্ত্রণালয় ভারতের সরকারকে অবহিত করলেও তাতে সাড়া দেওয়া হয়নি। যেদিন এই দেশে একটি তুলুল আন্দোলন, গণভ্রতের জন্ম, অবশেষে আমাদের রাজনীতি কার সুরোচের জন্য, এদেশের সরকারের কথা বলার জন্য, আমাদের স্বাধীনতা-সার্বভৌমত্ব সুরক্ষার অঙ্গীকার নিয়ে যে গণজাগরণ ও মহাবিপ্লব সম্পন্ন হলো এবং তিনি পালিয়ে গেলেন। সেই দিনেই এ প্রোমানটি নির্মমে হচ্ছে আর সেখানে শেখ হাসিনাকে বক্তৃতা করতে দেওয়া হচ্ছে। এটা সম্পূর্ণরূপে ভারতীয় নীতি-নিদারকনের পরিকল্পিত একটি কটায়।

বরিশালে ১২তম পুলিশ কমিশনার

ইউনিটের উর্ধ্বতন কর্মকর্তাদের নিয়ে মহাপুলিশ আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ে পর্যালোচনা বৈঠক সব কিছু দিক নির্দেশনাও প্রদান করেছেন বলে জানা গেছে। এর আগে জন্বাব আশিক কমিাদ বরিশাল মহানগর পুলিশের কমিশনার হিসেবে যোগ দিলেও এক মাসের মধ্যেই তিনি রাশাশহী রেজের ডিআইজির হিসেবে বদলি হয়ে যান। গত ৭ জুলাই সাবেক পুলিশ কমিশনার বদলি হয়ে যাবার পর টানা একমাস বরিশাল মহানগর পুলিশে কেনন কমিশনার ছিল না।

হামের উপসর্গে মৃত্যু

৪৫, খুলনায় ৩২ এবং রংপুর বিভাগে ১৩ জনের মৃত্যু হয়েছে। গত ২৪ আগস্ট (বৃহবার সন্ধ্যার ৮টা থেকে বৃহঃ সন্ধ্যা ৮টা পর্যন্ত) দেশের বিভিন্ন হাসপাতালে হামের উপসর্গ নিয়ে ৭৩৩ জন চিকিৎসা নিতে যায়। তাদের মধ্যে ৬৪৫ জনকে হাসপাতালে ভর্তি করা হয়েছে। বিভাগভিত্তিক ভর্তি রোগীর মধ্যে ঢাকা বিভাগে ২২৭ জন, চট্টগ্রামে ২১১ জন, সিলেটে ৭৪ জন, বরিশালে ৫৬ জন, ময়মনসিংহে ৩৩ জন, খুলনায় ১৮ জন, রাজশাহীতে ১৬ জন এবং রংপুর বিভাগে ১০ জন রয়েছে। গত ১৫ মার্চ থেকে এ পর্যন্ত হামের উপসর্গ নিয়ে সারা দেশে ১ লাখ ৩৩ হাজার ৬৩৮ জন হাসপাতালে গেছে। তাদের মধ্যে ভর্তি হয়েছে ১ লাখ ১৫ হাজার ৭৭৯ জন। এ পর্যন্ত গুট হয়েছে হাসপাতাল ছেড়েছে ১ লাখ ১১ হাজার ৮৭৭ জন। এদিকে গত ৫ দিনে আরও ৮৫ জনের শরীরে হাম শনাক্ত হয়েছে। ১৫ মার্চ থেকে এ পর্যন্ত ১৬ হাজার ৭৪০ জনের নমুনা পরীক্ষায় হামের সংক্রমণ নিশ্চিত হয়েছে।

উজিরপুরে যাত্রীবাহী বাস

করা হয়। র্যাব-৮ এর বরিশাল সদর দপ্তরে থেকে পাঠানো এক প্রেস বিজ্ঞপ্তিতেও এ তথ্য নিশ্চিত করা হয়েছে। র্যাব-৮ এর মিডিয়া অফিসার বলেন, উজিরপুর সুপার মোঃ কাকরজ্জামান জানান, র্যাবের একটি টহল টিম পুলিশ সংবাদের ভিত্তিতে জানতে পারে যে, নারায়নগঞ্জ ট্রান্সেলস নামক একটি যাত্রীবাহী বাস নোমো ১০ জন ব্যক্তি যাত্রীবাসে অবৈধ মাদকদ্রব্য গাজা ত্রয়-বিভক্তের উদ্দেশ্যে বহন করে নিয়ে যাচ্ছে। এ সংবাদের ভিত্তিতে টহল টিমেই ৫ আগস্ট ঢাকালৈ উজিরপুর থানাধীন ঢাকা-বরিশাল মহাসড়কের ইলিট্রা টোল প্রাঙ্গণর সমুখে বিশেষ চেকপোস্ট স্থাপন করে। চেকপোস্টেপৌঁচন নারায়নগঞ্জ ট্রান্সেলস নামক একটি যাত্রীবাহী বাস আসলে সেটিতে ত্ত্রাস্থি চালানো হয়। তখন গাড়ীর যাত্রী মেইঃ আবু জাফর মোদা (৪৬) নামের এক ব্যক্তিকে ত্ত্রাস্থি চালানো তার সাথে থাকা ক্ষুদ্র ব্যাগের ভিতর থেকে কসটেপে মোড়ানো ৩ টি প্যাকেটে ৫ কেজি গাজা উদ্ধার করা হয়। জন্ককৃত মাদক ও অভিযুক্তকে ফেফাজনে নিয়ে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে নিয়মিত মামলা রুজু করে রােব। পরবর্তী আদালত ব্যবস্থা গ্রহণের জন্য তাকে উজিরপুর থানায় হস্তান্তর করা হয়। আটক জাফর পুয়ায়ালির সফট উপজেলার দক্ষিণ মুরাদিয়া এলাকার আব্দুল জলিলের ছেলে।

জুলাইয়ে বরিশালে ২৮টি

সংবাদমাধ্যমে রোড সেকফটি ফাউন্ডেশনের নির্বাহী পরিচালক সাইদুর রহমানের পাঠানো “জুলাই মাসের সড়ক দুর্ঘটনার প্রতিবেদন”- এ এসব তথ্য জানানো হয়। যেখানে বলা হয়, এই সময়ে ১৩টি নৌ-দুর্ঘটনায় ৯ জন নিহত এবং ১১ জন আহত হয়েছেন। ২৯টি রেল ট্রাক দুর্ঘটনায় ২৪ জন নিহত এবং ১৮ জন আহত হয়েছেন। রোড সেকফটি ফাউন্ডেশন ৯টি জাতীয় সৈনিক, ১৭টি জাতীয় ও আঞ্চলিক সৈন্য আইন নিয়ন্ত্রি পোটাল, বিভিন্ন ইউলেক্ট্রিক মিডিয়া এবং নিজস্ব তথ্যের ভিত্তিতে প্রতিবেদনটি তৈরি করেছে। যানবাহনভিত্তিক নিহতের চিত্রে বলা হয়েছে, দুর্ঘটনায় যানবাহনভিত্তিক নিহতের পরিমাণসম্মানে দেখা যায়- মোটরসাইকেল চালক ও আরোহী ১০৮ জন (৩৩.১৭ শতাংশ), বাসের যাত্রী ২১ জন (৫.০৪ শতাংশ), ট্রাক-কাভারডভান-পিকআপ-ট্রলি আরোহী ১৯ জন (৪.৫৬ শতাংশ), মাইক্রোবাস-আয়ুর্দলেপ আরোহী ৭ জন (১.৬৬ শতাংশ), প্রি-ইইলার যাত্রী (অটোরিকশা-অটোভ্যান-ইজিবাইক-সিএনজি-মিত্তক-লেণ্ডনা) ৪৪ জন (২২.৫৬ শতাংশ), স্থানীয়ভাবে তৈরি যানবাহনের যাত্রী (নসিমন-উটটম-মাহিহুদ) ২৬ জন (৬.২৫ শতাংশ) এবং রিকশা-বাইসাইকেল আরোহী ৫ জন (১.২০ শতাংশ) নিহত হয়েছেন। দুর্ঘটনা সংঘটিত সড়কের ধরন বিচারে রোড সেকফটি ফাউন্ডেশনের পরিবেশক ও বিশ্লেষণ বরাহে, দুর্ঘটনাগুলোর মধ্যে ১৬৯টি (৩৬.৮৭ শতাংশ) জাতীয় মহাসড়কে, ১৫৫টি (৩৩.৮৪ শতাংশ) জাতীয় লক্ষ্যক পড়কে, ৬১টি (১৩.৩৩ শতাংশ) গ্রামীণ সড়কে এবং ৬৩টি (১৪.৪১ শতাংশ) শহরের সড়কে এবং ৭টি (১.৫২ শতাংশ) অন্যান্য স্থানে সংঘটিত হয়েছে। দুর্ঘটনার মধ্যম উদ্বেধ করা হয়েছে- দুর্ঘটনাগুলোর ১২৩টি (২৬.৮৫ শতাংশ)

মুখোমুখি সংঘর্ষ, ১৬৪টি (৩৫.৮০ শতাংশ) নিয়ন্ত্রণ হারিয়ে, ১০৮টি (২৩.৫৮ শতাংশ) পথচারীকে ঢাপ/থাকো দেওয়া, ৫৪টি (১১.৭৯ শতাংশ) যানবাহনের পেছনে আঘাত করা এবং ৯টি (১.৯৬ শতাংশ) অন্যান্য কারণে ঘটেছে। দুর্ঘটনায় সম্পৃক্ত যানবাহনের মধ্যে- ট্রাক-কাভারডভান-পিকআপ-ট্রাক্টর-ট্রলি-লরি-জাম ট্রাক-ময়লাবাহী ট্রাক ২২.৫০ শতাংশ, যাত্রীবাহী বাস ১৭.৪৪ শতাংশ, মাইক্রোবাস-প্রাইভেটকার-আয়ুর্দেল-জিপ ২.৯৫ শতাংশ, মোটরসাইকেল ২৪.১৯ শতাংশ, প্রি-ইইলার (অটোরিকশা-অটোভান- ইজিবাইক-সিএনজি-মিত্তক-লেণ্ডনা) ১৮.৪২ শতাংশ, স্থানীয়ভাবে তৈরি যানবাহন (নসিমন-উটটটি-আলমসার্ধ-পাখিভান-টমটম-মাহিহুদ) ৭.৩১ শতাংশ, রিকশা-বাইসাইকেল ১.৮২ শতাংশ এবং অজ্ঞাত যানবাহন ৫.৩৪ শতাংশ। দুর্ঘটনায় সম্পৃক্ত যানবাহনের মোটম ৭১১টি। বাস ১২৪, ট্রাক ৯২, কাভার্ডভান ১৫, পিকআপ ১৭, ট্রাক্টর ৬, ট্রলি ৮, লরি ১১, ড্রাম ট্রাক ৯, ময়লাবাহী ট্রাক ২, মাইক্রোবাস ৬, প্রাইভেটকার ৮, আয়ুর্দেল ৪, জিপ ৩, মোটরসাইকেল ১৭২, প্রি-ইইলার ১৩১ (অটোরিকশা-অটোভ্যান-ইজিবাইক-সিএনজি-মিত্তক-লেণ্ডনা), স্থানীয়ভাবে তৈরি যানবাহন ৫২ (নসিমন-উটটটি-আলমসার্ধ-পাখিভান-টমটম-মাহিহুদ), রিকশা ৯, বাইসাইকেল ৪ এবং অজ্ঞাত যানবাহন ৩৮টি। প্রতিবেদনে বলা হয়েছে, ঢাকা বিভাগে সবচেয়ে বেশি ১৩৩টি দুর্ঘটনায় ১২৫ জন নিহত হয়েছেন। বরিশাল বিভাগে সবচেয়ে কম ২৮টি দুর্ঘটনায় ২৪ জন নিহত হয়েছেন। রাজধানী ঢাকায় ৩৪টি দুর্ঘটনায় ১৮ জন নিহত এবং ৪৭ জন আহত হয়েছেন।

বিএনপির সভায় আওয়ামী

ও এর অঙ্গগণঠেনের নেতা-কর্মীরা। এ সময় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ইঞ্জিনিয়ার আবদুর রহিম মিয়ারকে ‘অবাঞ্ছিত’ ঘোষণা করা হয়। মঙ্গলবার বিকেলে কীর্তীপাশা ইউনিয়ন পরিষদের সভাকক্ষে ইউনিয়ন বিএনপির সাংগঠনিক সভা অনুষ্ঠিত হয়। এতে সদর উপজেলা বিএনপির সভাপতি অধ্যাপক এস এম এজাউ হাসান, সাধারণ সম্পাদক মো. খোকন মল্লিক, প্রচার সম্পাদক আজিজুল হক, ইউনিয়ন বিএনপির সভাপতি আশীজ্জামান চপাল, সাধারণ সম্পাদক শরিফুল হক মিয়াসহ উপজেলা ও ইউনিয়ন পর্যায়ের নেতারা উপস্থিত ছিলেন। সভা চলাকালে কীর্তীপাশা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও ইউনিয়ন আওয়ামী লীগের সহসভাপতি ইঞ্জিনিয়ার আবদুর রহিম মিয়া সেখানে এসে বিএনপির নেতাদের ফুল দিয়ে শুভেচ্ছা জানান। পরে তাঁকে মঞ্চে বিএনপির নেতাদের পাশে বসে থাকতে দেখা যায়। এ ঘটনার ছবি ও ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়লে তা নিয়ে আলোচনা-সমালোচনা শুরু হয়। এ ঘটনার পর বুধবার সকালে স্থানীয় বিএনপি, খেজ্ঞাসেবক দল ও সহযোগী সংগঠনের নেতা-কর্মীরা ইউনিয়ন পরিষদ কার্যালয়ের প্রধান ফটকে তপা বুলিয়ে বিক্ষোভ করেন। বিক্ষোভে চেয়ারম্যান আবদুর রহিম মিয়ার বিরুদ্ধে স্লোগান দেওয়া হয় এবং তাঁকে ইউনিয়নে অবস্থিত ঘোষণা করা হয়। সদর উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক মো. খোকন মল্লিক বলেন, ‘সংগঠনিক সভাটি মূলত সেখানেই হওয়ার কথা ছিল। প্রতিকূল অবহাওয়ার কারণে ইউনিয়ন পরিষদের সভাকক্ষে আয়োজন করা হয়। সভা চলাকালে চেয়ারম্যান ঠাংএ এসে আমাদের ফুল দিয়ে শুভেচ্ছা জানান। আমরা তাঁকে ফুল দিয়ে বরণ করিনি। পরে তিনি সৌজন্য হিসেবে চানা-শাখার আপ্যায়ন করেন। এর বাইরে সেখানে আর কিছু ঘটেনি।’ তিনি বলেন, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হিসেবে অনুষ্ঠানটি যেহেতু পরিষদ ভবনেই হচ্ছিল, সে কারণেই তিনি সেখানে এসেছিলেন। সদর উপজেলা বিএনপির সভাপতি অধ্যাপক এস এম এজাউ হাসান বলেন, ‘রহিম মিয়া সেখানে আসার পর আমিও বিব্রত হয়েছি। তবে তাঁকে বিএনপির নেতারা ফুল দিয়ে এবং তিনি বিএনপিরকে যোগ্যও দেননি। তাঁকে বিএনপির নেওয়ার খবর সঠিক নয়।’ কীর্তীপাশা ইউনিয়ন খেজ্ঞাসেবক দলের আহ্বায়ক মো. হাফিজুর রহমান মুরাদ বলেন, ‘জুলাই অভ্যুত্থানের পর কিছুদিন চেয়ারম্যান আবদুর রহিম মিয়া এলাকায় ছিলেন না। পরে তিনি ফিরে এসে ইউনিয়ন পরিষদের কার্যক্রম চালিয়ে যাচ্ছেন। যাদের বিরুদ্ধে আন্দোলনের সময় বাবা ও হামলার অভিযোগ রয়েছে, তাঁদের সঙ্গে একই মঞ্চে দলীয় কর্মসূচি গ্রহণযোগ্য নাহ। এ কারণেই আমরা ইউনিয়ন পরিষদ কার্যালয়ে তালা বুলিয়ে তাঁকে অবস্থিত ঘোষণা করেছি।’ বিক্ষোভকারীদের অভিযোগ, ইউনিয়ন পরিষদের সামনেই বিএনপির দলীয় কার্যালয় থাকা সত্ত্বেও সাংগঠনিক সভা পরিষদ ভবনে আয়োজন করে সেখানে আওয়ামী লীগের তুলে শুভেচ্ছা গ্রহণে তৎপুল নেতা-কর্মীদের মধ্যে ক্ষোভের সৃষ্টি হয়েছে। এ বিষয়ে জেলা বিএনপির সদস্যসচিব আ্যভভোকেট মো. শাহাদাৎ হোসেনর বক্তব্য ছিলো তাঁর মেবাবিল ফোনে একাধিকবার যোগাযোগের চেষ্টা করা হলেও নবরহী বন্ধ পাওয়া যায়। অন্যদিকে চেয়ারম্যান ইঞ্জিনিয়ার আবদুর রহিম মিয়ার বক্তব্য জানানতে চেষ্টা করেও তাঁর সেবে যোগাযোগ করা সম্ভব হয়নি।

অবৈধ জাল-ট্রলিখের কমছে

চোখে মনে কেবলই হতাশা। এদিকে বাজারে ডিলক্রেসে নিত্যসংযোগজনীয় সব পণ্যের দাম অসহ্যরহিত। তার ওপর যোগ হচ্ছে জলস্রাবের আতঙ্ক। নিয়োগাভাে শেষে মাহ না গেলে কীভাবে ঋণ পরিশোধ করবেন সেই দুর্ভিক্ষ উপল্ধের দরম মসখাঞ্জীরা। জেলেরন মধ্যে একজন বলেন, ‘আমরা ভাই এ ৬৬ দিন অবরোধে সরকারের কোনো সহযোগিতা পাইনি এবং আমরা অনেক ধরনেরদের ভেতরে আছি। যদি অস্ত্রাহ বাধা মাহ পোনা দেয়, এই ধরনোনা শেষ করতে পারবু।’ অন্য একজন বলেন, ‘জলদ্রা বাড়ছে ধরনে, এর আসের থেকে কম ছিল। মাঝখানে তো ফিল্ল না, এখন তো আবার সেই ভরাবহ আসের মতন।’ জেলেরন এই সংকটে যেন ‘মারার ওপর ঝাঁড়া যা’ হয়ে দাঁড়িয়েছে তীব্র গোলাঘেটি। দ্রিঘ্য না থাকায় চক্ষমভাবে বাহ্যে হচ্ছে বর্ষা উপসর্গ। ফলে লোকসানের হুগু পড়েছেন বর্ষক কল মালিকরা। সমগ্রমতো বর্ষক না শেষে বড় ধরনের আর্থিক ক্ষতির মুখে ট্রলার মালিকরাও। একজন বর্ষক কল মালিক বলেন, ‘লোডহেডিয়ের কারণে আমরা বর্ষক বিক্রি করতে পারি নাই। একদিন যদি বর্ষক নামাই, তিনদিনে আমরা বর্ষক বিক্রি করতে পারি নাই।’ অন্য একজন বলেন, ‘যে লোডশেপিং দেয়, তাতে হইলে এই বাণিজ্য আসলে করাও সম্ভব না।’ এদিকে চাইলের তুলনায় বিদ্যুৎ সরবরাহ কম থাকার কথা নীকার করে স্থানীয় পল্লী বিদ্যুৎ সমিতির কর্মকর্তা জানান, অন্য উপজেলা থেকে সরবরাহ আনায় ভরালোহিহয়ে বাধ্য হইয়ে লোডশেপিং দিতে হচ্ছে।বরেনা পাথরঘাট পল্লী বিদ্যুতের তেপুটি ফোনালৈ মালেকজার অফিসে শারিয়ারর বলেন, ‘জাতীয় দ্রিডে কিছ কোনো লোডশেপিং নেই। কিন্তু আমাদের এই ৩০ কেরির একটি বিভাে আছে, টৌ হচ্ছে ভোটারিা থেকে ঢলে। ওটৌ হচ্ছে ভরালোহি হইয়ে বাজার করলে বরেনা হইয়ে বাধ্য হইয়ে থাকে।’ আসের মতন ২৬ মেগাওয়াট দ্রিডে পারি, এর ওপরে যদি যাই তাহলে আমাদের ওটৌ দ্রিড থেকে অটোমোটিক বন্ধ হয়ে যায়। সরকারি অফিসে আছে মন্ত্র মন্ত্র বই বকরের বরখানো ইলিশের উপপালন কমেছে ২২.৪৯ শতাংশ। পরিবাহীর হিসাবে পা ৭১ হাজার টনলেও বেশি। সাগরে মাহ কমে যাওয়ার পেছনে কালপনের তদারকির অভাবকে মারি করছেন জেলেরা। তাদের অভিযোগ, অফিসে টৌ জাল খার ট্রলিং জাহাজের অভাবে মাহ শিকারের কারণে ইলিশের হাফার ও জলটির মাত্তে পোনা ধরেন। তাদের দাবি, নিয়োগাজর পাশাপাশি সব অবৈধ তৎপরতাও বন্ধ করতে হবে। জেলেরন মধ্যে একজন বলেন, ‘টিটাগা যে হাজার হাজার ট্রলি নামে, আচার এই ক্ষুদ্র জাল ট্রলি নামে, আমাদের জোড়া জোড়া বইয়াছে, কাটাই-কুটাই সহীরা কোে চইয়া যায়। বরেনা জোড়া ট্রলার মালিক সমিতির সভাপতি গোলাে নেতাজা টৌধীর বলেন, ‘এই অবৈধ জাল এগুলো বন্ধ করতে হবে। অবৈধ বন্ধ না করলে এই মাহ কোোনাকি আড় বাবের না। এত পরিশ্রমে জাল, অবৈধ জাল যে কল্পনা করা যায় না।’ উপকূলীয় ই জঙ্কলের অধীনটি সাল রাখতে জলদ্রা নিবৃণবাহ অবৈধ জাল উচ্ছেদ ও ট্রলিং জাহা় বন্ধ এবং দ্রুত নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের দাবি পাথরঘাটার মসখা খাত সর্ভষ্ট্রিদের।

জনগণ রাস্তায় নামলে কোনো

“নব্ব বৈরাচার” একই পরিণতির মুখোমুখি হবে। বুধবার (৫ আগস্ট) জুলাই গণঅভ্যুত্থানের দ্বিতীয় বর্ধপূর্তি উপলক্ষে বরিশাল নগর ভবনের সামনে মহানগর ১১ দলীয় একৈর উদ্যোগে আয়োজিত মিছিল-পূর্ব সমাবেশে সভাপতির বক্তব্যে এসব কথা বলেন তিনি। সমাবেশে মাওলানা বাবর বলেন, জনগণকে সবে দেখিয়ে বা দমন-পীড়নের মাধ্যমে দীর্ঘদিন ক্ষমতায় থাকা সম্ভব নয়। স্বতন্ত্রা ও দমননীতি অব্যাহত থাকলে জনগণ আবারও রাজপথে নামবে এবং সরকারকে জবাবদিহিতার মুখোমুখি করবে। তিনি অভিযোগ করেন, ছাত্র-জনতার আন্দোলনের শক্তিকে অবমূল্যায়ন করেই সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশ ছাড়তে বাধ্য হন। এই ভুল বক্রায়ন সরকারও করছে বলে দাবি করে তিনি বলেন, জনগণের প্রত্যক্ষা পূরণের প্রতিশ্রুতি দিয়ে এখনোই অঙ্গীকার থেকে সরে আসা হচ্ছে। ‘জুলাই সনদ’ নিয়ে তিনি বলেন, দেশের ৩১টি রাজনৈতিক দলের একমত্যের ভিত্তিতে এই সনদ প্রণয়ন করা হয়েছিল এবং জনগণও সেটিকে সমর্থন দিয়েছিল। কিন্তু বাস্তবায়নের প্রতিশ্রুতি থাকলেও শর্তি ক্ষেত্রে দলীয়করনের অভিযোগ উঠে আসছে। বিশেষ করে সিটি কর্পোরেশনসহ বিভিন্ন প্রতিষ্ঠানে দলীয় লোক দিয়ে দোয়া হচ্ছে বলে তিনি অভিযোগ করেন। দ্রব্যমূল্যের উর্ধ্বগতির প্রশঙ্গ টেনে মাওলানা বাবর বলেন, নিত্যপ্রয়োজনীয় পণ্যের লগামহীন মূল্যবৃদ্ধিতে সাধারণ শ্রমিক চরম দুর্ভোগে রয়েছে। এই সংকট থেকে জনগণের দৃষ্টি অন্যদিকে সরিয়ে

নিতে দেশের বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানে সংঘাত ও স্বতন্ত্রাসের পরিবেশ তৈরি করা হচ্ছে বলেও তিনি দাবি করেন। বরিশালের সাম্প্রতিক ক্যাপাস পরিষিষ্ঠি নিয়ে তিনি বলেন, বরিশাল সবসময় শান্তিপূর্ণ শহর হিসেবে পরিচিত। কিছবিএম কলেজ এবং বরিশাল বিশ্ববিদ্যালয়ে যে ঘটনা ঘটেছে, তা উদ্বেগজনক। আমরা এখনো ছাত্রশিবিরের নেতাকর্মীদের ধৈর্য ধরতে বলছি। তবে এমন পরিস্থিতি সৃষ্টি করা উচিত হবে না, যাতে সেই ধৈর্যের বাঁধ ভেঙে যায়। সমাবেশে বক্তারা জুলাই গণঅভ্যুত্থানের ইতিহাস, এর তাৎপর্য এবং দেশের গণতান্ত্রিক অগ্রযাত্রায় আন্দোলনের অবদান নিয়ে আলোচনা করেন। তারা আন্দোলনে নিহতদের প্রতি গভীর শ্রদ্ধা জানান এবং বৈশ্বমাহীন, ন্যায়ান্তিক ও মানবিক রাষ্ট্র গঠনে জাতীয় একা জোরপারের আহ্বান জানান। বরিশাল মহানগর জামায়াতের সেক্রেটারি মাওলানা মতিউর রহমানের সঞ্চালনায় সমাবেশে আরও বক্তব্য দেন বরিশাল জেলা জামায়াতের আমীর মাওলানা আব্দুল জব্বার, মহানগর সহকারী সেক্রেটারি মাস্টার মিজানুর রহমান ও মুহাম্মাদ আতিকুল্লাহ, জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) বরিশাল জেলা আহ্বায়ক আবু সাইদ মুসা, লেবার পার্টির বরিশাল মহানগর সভাপতি সোহেল মাহমুদ এবং জাতীয় গণতান্ত্রিক পার্টি (জাপপা) বরিশাল জেলা সভাপতি মনির হোসাইন। সমাবেশ শেষে জুলাই গণঅভ্যুত্থানের শহিদদের আত্মার মাগফিরাত কামনা করে বিশেষ দোয়া করা হয়। পরে অংশগ্রহণকারীরা একটি বিক্ষোভ মিছিল বের করেন। মিছিলটি শাপ বক্রনের সামনে থেকে শুরু হয়ে ফজলুল হক আভিনিউ, সদর রোড হয়ে জেলখানা মোড়ে গিয়ে শেষ হয়।

টং দোকানে আড্ডা

কুশল বিনিময় করেন এবং চা পান শেষে ঢাকার উদ্দেশে চলে যান তিনি। চা দোকানি আকতার হোসেন জানান, আমি ভাবছিইে পারিনি তার মতো একজন গুরুত্বপূর্ণ লোক আমার দোকানে এসে চা পান এবং আমাদের সঙ্গে কুশল বিনিময় করবেন। সাবেক ছাত্রলব নেতা ও ভূরথচারি বানিনা এনাম ভানুকদার জানান, গণকল বিকেল টেটর দিকে তথ্য ও সম্প্রচারমন্ত্রী যাত্রাপথে বৃষ্টি উপেক্ষা করে ভূরথচারী বাসস্ট্যাণ্ডে গাড়ি থামিয়ে ২ং দোকানে বসে চা পান করছেন বলে স্থানীয় বাসিন্দাদের সমস্যাগত কথা শুনে সমাধানের আশ্বাস দিয়েছেন। ওনার মতো একজন মন্ত্রী এভাবে টং দোকানে বসে চ

দুর্ঘটনায় আহত যেকোনো ব্যক্তিকে সব হাসপাতাল-ক্লিনিকে প্রাথমিক চিকিৎসা দিতে নির্দেশনা জারির নির্দেশ

কীর্তনখোলা ডেস্ক

দুর্ঘটনায় আহত যেকোনো ধরনের ব্যক্তিকে সব সরকারি-বেসরকারি হাসপাতাল বা ক্লিনিকে প্রাথমিক চিকিৎসা দিতে নির্দেশনা (সার্কুলার) জারি করতে নির্দেশ দিয়েছেন হাইকোর্ট। আট বছর আগে জারি করা রুল নিষ্পত্তি করে ৩ এর পাতায় দেখুন



১৪ বেডের ওয়ার্ডে ৯১ শিশু, ২৫০ শয্যার অপেক্ষায় পিরোজপুর হাসপাতাল

পিরোজপুর প্রতিনিধি

‘আমার বাচ্চা হাম নিয়ে ভর্তি হয়েছে। হাসপাতালে কোনো বেড পেলাম না। এখন মেয়েতেই চিকিৎসা চাচ্ছে। খুব কষ্টে আছি।’ কথাগুলো বলছিলেন পিরোজপুর সদর হাসপাতালে ভর্তি এক শিশুর মা। অসুস্থ সন্তানকে কোলে নিয়ে তিনি বসে আছেন শিশু ওয়ার্ডের

মেঝেতে। চারপাশে রোগীর ভিড়। কোথাও বসার জায়গাও নেই। এ চিত্র এখন পিরোজপুর ১০০ শয্যার জেলা হাসপাতালের। ধারণক্ষমতার প্রায় তিনগুণ রোগী ভর্তি থাকায় ওয়ার্ড, বারান্দা ও মেঝে সবখানেই রোগীর ঠাই। বৃহস্পতিবার (৬ আগস্ট) সন্ধ্যায় গিয়ে দেখা যায়,

সবচেয়ে সংকটজনক পরিস্থিতি শিশু ওয়ার্ডে। মাত্র ১৪টি বেডের বিপরীতে ভর্তি রয়েছে ৯১ জন শিশু, যা ধারণক্ষমতার প্রায় সাড়ে ছয় গুণ। পর্যাপ্ত বেড না থাকায় বেশিরভাগ শিশুকে মেঝেতে রেখে চিকিৎসা দেওয়া হচ্ছে। এতে চরম ভোগান্তিতে পড়ছেন অভিভাবকেরা। শুধু শিশু ওয়ার্ডই নয় ৩ এর পাতায় দেখুন



ভাণ্ডারিয়ায় জুলাই গণঅভ্যুত্থান দিবস পালিত

ভাণ্ডারিয়া প্রতিনিধি

পিরোজপুরের ভাণ্ডারিয়ায় বুধবার ৫আগস্ট-২০২৬, উপজেলা প্রশাসনের উদ্যোগে নানা আয়োজনে যথাযোগ্য মর্যাদার মধ্যদিয়ে ‘জুলাই গণঅভ্যুত্থান-২০২৬’ পালন করা হয়। কর্মসূচির মধ্যে সকাল ১১টায় উপজেলার বাওয়া ইউনিয়নের ‘জুলাই শহিদ এমদাদুল কাদের সমাধিতে পুষ্পস্তবক অর্পণ শেষে শহিদের রুহের মাগফিাত কামনায় একটা মনোজ্ঞাভা। সারের ১১টায় উপজেলার রিজার্ভপুকুর পার থেকে একটি ব্যালি বের করে বাসস্ট্যান্ড হয়ে পৌরসভা চত্বরে গিয়ে শেষ হয়। পরে সেখানে কুচকাওয়াজ শেষে পৌর অডিটোরিয়ামে ‘শহিদ পরিবারের সদস্যদের সংবর্ধণা জুলাই শহিদ পরিবারের তাৎপর্যের উপর আলোচনাসভা শেষে, শিশুদের উন্মুক্ত বিষয় চিত্রাঙ্কন প্রতিযোগিতা, ৫ম থেকে ৮ম শ্রেণির ৩ এর পাতায় দেখুন



শিক্ষকের বিরুদ্ধে অভিযোগ তদন্তের সময় দুই পক্ষের সংঘর্ষ

কাউখালী প্রতিনিধি

পিরোজপুরের কাউখালী উপজেলার চিরাপাড়া-পারসাত্তুরিয়া ইউনিয়নের ৩৫ নং কেশরতা সুজাগঞ্জ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক হোসেনোয়ারা পারভীনের বিরুদ্ধে বিভিন্ন অনিয়মের অভিযোগ বুধবার (৬ আগস্ট) বেলা ১১টায় তদন্তের সমন্য অভিযোগকারী ও প্রধান শিক্ষকের পক্ষের ক্রপের সাথে সংঘর্ষের ঘটনা ঘটেছে। অভিযোগে জানা যায়, প্রধান শিক্ষক খেজুরচাতিতা, ক্ষমতার অপব্যবহার ও অভিভাবকদের সঙ্গে অসৌজন্যমূলক আচরণ করে আসছেন। এছাড়া সরকারি বিধিমালা ৩ এর পাতায় দেখুন

মাদকাসক্তি ও মানসিক রোগীদের সর্বাধুনিক চিকিৎসা এখন বরিশালে

দি নিউ লাইফ

মহিলা রোগীদের জন্য পৃথক ওয়ার্ড

যোগাযোগ: ১নং সিএন্ডবি পুল (কাজীপাড়া সংলগ্ন), বরিশাল।

০১৭১৩-৯৫০৯৪১
০১৭১৩-১৬৯৮২৮

কীর্তনখোলা

বরিশাল ৯ শুক্রবার ৯ ০৭ আগস্ট ২০২৬ ৯ ২৩ শ্রাবণ ১৪৩৩

স্কুলে ভর্তিতে দ্বিতীয়-নবমে পরীক্ষা, প্রথম শ্রেণিতে লটারি

কীর্তনখোলা ডেস্ক

অভিভাবকদের আপত্তির কারণে আগামী ২০২৭ শিক্ষাবর্ষ থেকে প্রথম শ্রেণিতে কোনো ভর্তি পরীক্ষা নেওয়া হবে না। এক্ষেত্রে লটারি মাধ্যমে প্রথম শ্রেণিতে ভর্তি কার্যক্রম পরিচালনা করা হবে। তবে প্রাথমিক ও মাধ্যমিক

বিদ্যালয়ে দ্বিতীয় থেকে নবম শ্রেণিতে ভর্তির ক্ষেত্রে পরীক্ষার মাধ্যমে মেধা মূল্যায়ন করে শিক্ষার্থীদের ভর্তি করা হবে। জানিয়েছে, আগামী ১০ আগস্ট চলতি বছরের এসএসসি ও সমমান পরীক্ষার ফলাফল প্রকাশ করা ৩ এর পাতায় দেখুন

মন্ত্রণালয়। মন্ত্রণালয়ের সিনিয়র তথ্য অফিসার আব্দুল্লাহ শিবলী সাদিক এ বিজ্ঞপ্তি পাঠিয়েছেন। বিজ্ঞপ্তিতে মন্ত্রণালয় আরও জানিয়েছে, আগামী ১০ আগস্ট চলতি বছরের এসএসসি ও সমমান পরীক্ষার ফলাফল প্রকাশ করা ৩ এর পাতায় দেখুন

সাদ্দাম-ইনানকে ফোনে হামলার নির্দেশ দেন ওবায়দুল কাদের

কীর্তনখোলা ডেস্ক

জুলাই গণঅভ্যুত্থানে সংঘটিত মানবতাবিরোধী অপরাধের মামলার কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদেরসহ সাত শীর্ষ নেতার বিরুদ্ধে মুক্তিযুদ্ধের দ্বিতীয় দিনে গুরুত্বপূর্ণ প্রমাণ হিসেবে একটি কল রেকর্ড দাখিল করেছে প্রসিকিউশন। বৃহস্পতিবার (৬ আগস্ট) আন্তর্জাতিক অপরাধ শিক্ষার্থীদের ওপর হামলার নির্দেশ দেন তৎকালীন ট্রাইব্যুনাল-২ এর চেয়ারম্যান বিচারপতি নজরুল সেতুমন্ত্রী ওবায়দুল ৩ এর পাতায় দেখুন



ইসলাম চৌধুরীর নেতৃত্বাধীন বিচারিক প্যানেলে এ কল রেকর্ড দাখিল করা হয়। প্রসিকিউশন জানায়, ২০২৪ সালের ১১ জুলাই ছাত্রলীগের সভাপতি সাদ্দাম হোসেন ও সাধারণ সম্পাদক ওয়ালি আফিক ইনানকে সরাসরি ফোন করে আন্দোলনরত

আন্তর্জাতিক অপরাধ শিক্ষার্থীদের ওপর হামলার নির্দেশ দেন তৎকালীন ট্রাইব্যুনাল-২ এর চেয়ারম্যান বিচারপতি নজরুল সেতুমন্ত্রী ওবায়দুল ৩ এর পাতায় দেখুন

ভুতুড়ে বিল-লোডশেডিংয়ের বিরুদ্ধে বরিশালে বিক্ষোভ, স্মারকলিপি প্রদান

কীর্তনখোলা রিপোর্ট

গ্যাস সংকট, ঘনঘন ও নিয়ন্ত্রণহীন লোডশেডিং, বিদ্যুতের মূল্যবৃদ্ধি, কবিত্ত ‘ভুতুড়ে’ বিদ্যুৎ বিল এবং নিত্যপ্রয়োজনীয় পণ্যের লাম্যামহীন মূল্যবৃদ্ধির প্রতিবাদে বরিশালে অবস্থান কর্মসূচি পালন করেছে ১১ মল্লীয়া একা। কর্মসূচি শেষে জেলা প্রশাসকের মাধ্যমে প্রধানমন্ত্রীর কাছে স্মারকলিপিও প্রদান করেন জোটের নেতারা। বৃহস্পতিবার (৬ আগস্ট) দুপুরে নদারী টাউন হল চত্বরে আয়োজিত এ কর্মসূচিতে বিভিন্ন রাজনৈতিক ও সামাজিক সংগঠনের নেতাকর্মীরা অংশ নেন। অবস্থান শেষে একটি বিক্ষোভ মিছিল ৩ এর পাতায় দেখুন

বরগুনায় শ্বশুর বাড়িতে জামাই খুন আরেক নারীর বুলন্ত লাশ উদ্ধার

বরগুনা প্রতিনিধি

বরগুনায় শ্বশুর বাড়িতে গিয়ে চাচা শ্বশুরদের রামদার কোপে প্রাণ হারিয়েছেন জামাতা মোঃ আসাদুজ্জামান ফেরকান হাওলাদার (৩০)। তার বাবার নাম শানু হাওলাদার। বাড়ি বরগুনা সদর উপজেলার



ইউনিয়নের বেক্তমোড় গ্রামে। একই দিনে, বরগুনা সদর উপজেলার বদরখালী ইউনিয়নের বাওয়ালকর গ্রামে আরেক নারীর বুলন্ত লাশ উদ্ধার করা হয়েছে। দুটো ঘটনাই ঘটেছে বুধবার বিকেলে। বরগুনা সদর উপজেলার চন্ডুয়া

চরফ্যাশনে বিদ্যুতায়িত হয়ে এসএসসি পরীক্ষার্থীর মৃত্যু

চরফ্যাশন প্রতিনিধি

ভোলার চরফ্যাশনে বৈদ্যুতিক মোটরের সংযোগ দিত গিয়ে বিদ্যুতায়িত হয়ে মো. রাসেল (১৭) নামে এক এসএসসি পরীক্ষার্থীর মৃত্যু হয়েছে। বৃহস্পতিবার দুপুরে উপজেলার দুলারহাট থানার ইউনিয়নের ২ নম্বর ওয়ার্ডের বাদিন্দা মো. আবুল কালামের একমাত্র ছেলে। তিনি দুলারহাট একমাত্র বিদ্যালয় থেকে ২০২৬ সালের এসএসসি পরীক্ষায় অংশ নিয়েছিলেন। পরিবার সূত্রে জানা যায়, বসন্তঘরে ট্রেবরিংয়ের কারণে জন্য পুকুরে একটি বৈদ্যুতিক মোটর বসানো হয়েছিল। দুপুরে মোটরের সঙ্গে বৈদ্যুতিক সুইচ বোর্ডের সংযোগ দেওয়ার সময় আদারধানতাবশত রাসেল বিদ্যুতায়িত হন। গুরুতর আহত অবস্থায় পরিবারের ৩ এর পাতায় দেখুন



সোনার দাম ভরিতে একলাফে বাড়লো ৯,৮৫৬ টাকা

কীর্তনখোলা ডেস্ক

দেশের বাজারে সোনার দাম ভরিতে এই নতুন দাম নির্ধারণের সিদ্ধান্ত নেওয়া হয়। নতুন মূল্য তালিকা অনুযায়ী, এখন ভ্যাটসহ সবচেয়ে ভালো মানের বা ২২ ক্যারেটের প্রতি ভরি (১১.৬৬৪ গ্রাম) স্বর্ণালকোরে নতুন দাম নির্ধারণ করা হয়েছে ২ লাখ ৩২ হাজার ৯৩০ টাকা। বুধবার (৫ আগস্ট) পর্যন্ত এর দাম ছিল ২ লাখ ২৩ হাজার ৭৪ টাকা। ১২ ক্যারেটের প্রতি ভরি সোনার নতুন দাম নির্ধারণ করা হয়েছে ২ লাখ ২২ হাজার ৪৯১ টাকা। ১৮ ক্যারেটের প্রতি ভরি সোনা এখন থেকে বিক্রি হবে ১ লাখ ৯১ হাজার ৫৬ টাকায় এবং সনাতন পদ্ধতির প্রতি ভরি সোনার নতুন দাম ১ লাখ ৫৬ হাজার ৬৪ টাকা। ৩ এর পাতায় দেখুন

উপসাগরীয় দেশগুলোর জ্বালানি স্থাপনায় হামলার হুঁশিয়ারি ইরানের

কীর্তনখোলা ডেস্ক

মুক্তরাষ্ট্র নতুন করে ইরানে হামলা চালালে উপসাগরীয় অঞ্চলের গুরুত্বপূর্ণ জ্বালানি স্থাপনায় পাণ্টা হামলা চালানো হবে বলে সতর্ক করেছে তেহরান। বিষয়টি সম্পর্কে অবগত পাঁচটি সূত্রের বরাতে আন্তর্জাতিক সংবাদ সংস্থা রয়টার্স এ তথ্য ৩ এর পাতায় দেখুন



হাতকড়া সহ আইসিইউতে থাকা আ.লীগ নেতা মনির মারা গেছেন, দাফন সম্পন্ন

পটুয়াখালী প্রতিনিধি

একাধিক মামলার গ্রেফতার হয়ে দীর্ঘদিন কারাবন্দি থাকার পর চিকিৎসাধীন অবস্থায় মারা গেছেন পটুয়াখালী জেলা আওয়ামী লীগের সদস্য ও সদর উপজেলা পরিষদের সাবেক ভাইস চেয়ারম্যান মো. মিজানুর রহমান খান (মনির খান) (৪৮)। বুধবার (৫ আগস্ট) বিকেল ৩টার দিকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের বার্ন ও প্লাস্টিক সার্জারি ইউনিটের আইসিইউতে চিকিৎসাধীন অবস্থায় তিনি মারা যান। দীর্ঘ প্রায় দুই মাস ধরে তিনি সেখানে নিবিড় পরিচর্যা ছিলেন। আইসিইউতে চিকিৎসাধীন অবস্থায় তার হাতে হাতকড়া পরানো একটি ছবি সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে ৩ এর পাতায় দেখুন

সাগরে জলদস্যুদের হামলায় ১২ জেলে আহত, লাখ লাখ টাকার মালামাল লুট

কুয়াকাটা প্রতিনিধি

পটুয়াখালীর কুয়াকাটা সংলগ্ন গভীর সাগরে মাছধরা একটি ট্রলারে জলদস্যুদের হামলায় অন্তত ১২ জন জেলে আহত হয়েছেন। এসময় ট্রলার থেকে প্রায় সাড়ে তিন লাখ টাকার মাছ, জাল, জ্বালানি তেলসহ লাখ লাখ টাকার মালামাল লুট করে নিয়ে যায় তারা। বুধবার (৫ আগস্ট) ভোর ৪টার দিকে কুয়াকাটা থেকে প্রায় ২৮ কিলোমিটার দক্ষিণ-পূর্বে গভীর সাগরের খায়া বয়া ঘাতি এলাকায় এ ঘটনা ঘটে। আহতদের মধ্যে ট্রলারের মালিক আইয়ুবের (৪০) অবস্থা গুরুতর হওয়ায় তাকে কলাপাড়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে। আহত আরও তিনজন কুয়াকাটা ২০ শয্যা ৩ এর পাতায় দেখুন



স্কুলছাত্রীকে ধর্ষণের অভিযোগে তিন কিশোর গ্রেফতার

বোরহানউদ্দিন প্রতিনিধি

ভোলার বোরহানউদ্দিন উপজেলার কারিয়া ইউনিয়নের পদ্মাননসা এলাকায় এক পঞ্চম শ্রেণির স্কুলছাত্রীকে স্কুলের টিফিন রিয়ার সময় ফুসলিয়ে কলাবাগানে নিয়ে সংঘর্ষক ধর্ষণের অভিযোগে পাঁচ কিশোরের বিরুদ্ধে মামলা দায়ের করা হয়েছে। এ ঘটনায় তিন কিশোরকে গ্রেফতার করেছে পুলিশ। অপর দুই অভিযুক্তকে গ্রেফতারে অভিযান অব্যাহত রয়েছে। মামলার এজাহার সূত্রে জানা যায়, ভুক্তভোগী স্থানীয় পদ্মাননসা সরকারি ৩ এর পাতায় দেখুন

ক্যাম্পাসে সন্ত্রাস ফিরে আসা হতাশাজনক: ইসলামী আন্দোলনের মহাসচিব

ভোলা প্রতিনিধি

জুলাই গণঅভ্যুত্থানের দুই বছর পূর্তির আগেই দেশের বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানে উত্তেজনা ও সহিংসতার ঘটনা ঘটে। এসব ঘটনায় উদ্বেগ প্রকাশ করেছেন ইসলামী আন্দোলন বাংলাদেশের মহাসচিব মাওলানা গাজী আতাউর রহমান। তিনি বলেন, ক্যাম্পাসে আধিপত্য বিস্তারের রাজনীতি ও সন্ত্রাসের পুনরাবৃত্তি অত্যন্ত হতাশাজনক। জুলাই-পরবর্তী সময়ে ক্যাম্পাসে সব ছাত্রসংগঠনের শান্তিপূর্ণ সহাবস্থান ও স্বাভাবিক শিক্ষার পরিবেশ প্রতিষ্ঠার প্রত্যঙ্গা ছিল। বৃহস্পতিবার (৬ আগস্ট) ভোলার চরফ্যাশন টাউন হলে ভোলা জেলা উত্তর ও দক্ষিণ ইসলামী আন্দোলন বাংলাদেশের পৃথক ভরা অধিবেশন ও সমাবেশে তিনি এসব কথা বলেন। মাওলানা গাজী আতাউর রহমান বলেন, পতিত আওয়ামী ফ্যাসিবাদের সবচেয়ে সহিংস দিক ছিল ক্যাম্পাসে ছাত্রলীগের সন্ত্রাস ও আধিপত্য ৩ এর পাতায় দেখুন

বিশিষ্টরাহির রহমানির রাহিম

কম্পিউটারের সবকিছুই আপনার নাগালে

ইশিতা কম্পিউটার

All Kinds Of Computer Solution, Accessories Selling, Training & Digital Photography

উপজেলা রোড, আগৈলঝাড়া, বরিশাল। মোবাইল: ০১৭১৫২১৩৪৬৩

প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহমেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক মায়ের দোয়া অফসেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় : সৌরভ লজ, গোড়াটান দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com